**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 31-08-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

## PM-Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কি বাত অনুষ্ঠানের ১৩৭তম পর্বে বলেছেন, দেশজুড়ে ‘নেশামুক্ত যুব ফর বিকশিত ভারত’অভিযান দ্রুত এগিয়ে চলেছে। গতকাল আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নিজের ভাবনা প্রকাশ করতে গিয়ে বলেন, মাদকমুক্ত যুবসমাজ ও মাদকমুক্ত ভারতের লক্ষ্যে পরিচালিত এই অভিযানটি কেবল একটি আনুষ্ঠানিকতা নয়, কারণ বহু মানুষ, বিশেষ করে যুবসমাজ বিপুল সংখ্যায় এতে যোগ দিচ্ছেন। শ্রী মোদী জনগণকে মাদকমুক্ত ভারতের জন্য একটি শক্তিশালী স্লোগান তৈরি করতে এবং তরুণ সঙ্গীতশিল্পীদের মাদকমুক্ত জীবনের বার্তা নিয়ে গান রচনা করার আহবান জানান।

**##### Byte 1 #####**

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে বলেছেন, ‘পিএম স্বনিধি যোজনা’র মাধ্যমে লক্ষ লক্ষ নারী নতুন শক্তি ফিরে পেয়েছেন এবং ‘নারী ক্ষমতায়ন’-এর এই দিকটি বেশি আলোচিত হওয়ার ওপরও জোর দেন | তিনি আসন্ন উৎসব মরশুমে জনগণকে 'ভোকাল ফর লোকাল' এর পক্ষে সোচ্চার হওয়ার আহ্বান জানান।এছাড়া মন

কি বাতে মিশন শক্তিস্যাট এবং আভোকাডো চাষে স্বনির্ভরতার বার্তাও দেন প্রধানমন্ত্রী।

******************

**PM Modi -Kyrgyz:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতরাতে কিরগিজস্তানের রাজধানী বিশকেকে পৌঁছেছেন। বিশকেকে তাঁর দুই দিনের সফরে প্রধানমন্ত্রী এসসিও সদস্য দেশগুলোর নেতাদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। তিনি আগামীকাল সেখানে সাংহাই সহযোগিতা সংস্থার ২৬তম শীর্ষ সম্মেলনেও যোগ দেবেন।এই শীর্ষ সম্মেলনটি সাংহাই সহযোগিতা সংস্থার ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত হচ্ছে। ভারত ২০১৭ সাল থেকে এসসিও-র পূর্ণ সদস্য। প্রধানমন্ত্রী এই সম্মেলনে ভাষণ দেবেন, যেখানে তিনি ফোরামে ভারতের নিরাপত্তা, সংযোগ এবং সুযোগের মতো অগ্রাধিকারগুলো তুলে ধরবেন। এই সফরে প্রধানমন্ত্রী মধ্য এশিয়ার সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের উদযাপন, ৬ষ্ঠ ওয়ার্ল্ড নোম্যাড গেমসের উদ্বোধনী অনুষ্ঠানেও যোগ দেবেন।

***********************

**India-Uzbekistan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তাসখন্দে রাষ্ট্রপতি শাভকাত মিরজিওয়েভ গতকাল উজবেকিস্তানের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার, অর্ডার অফ অলি দারাজালি দুস্তলিক দিয়ে ভূষিত করেছেন। প্রধানমন্ত্রী মোদী এই পুরস্কারটি ভারত ও উজবেকিস্তানের মধ্যকার অটুট সম্পর্কের প্রতি উৎসর্গ করেছেন। এদিকে, ভারত ও উজবেকিস্তান খনি, আয়ুর্বেদ, পর্যটন, অর্থনৈতিক ও আর্থিক সংলাপ,

ব্যাপক ও কৌশলগত অংশীদারিত্ব, উচ্চশিক্ষা এবং পরিবেশসহ বিভিন্ন ক্ষেত্রে MOU স্বাক্ষর করেছে। উভয় দেশ ২০৩০ সালের মধ্যে ৫ বিলিয়ন ডলারের দ্বিপাক্ষিক বাণিজ্যের লক্ষ্যমাত্রা নির্ধারণে সম্মত হয়েছে, যা বর্তমান বাণিজ্যের পাঁচগুণ।

*********************

**Sundays On Cycle :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী ড. মনসুখ মান্ডভিয়া দিল্লিতে গতকাল 'ফিট ইন্ডিয়া সানডেজ অন সাইকেল' এর ৮৮তম সংস্করণে অংশ নেন। 'জাতীয় ক্রীড়া দিবস' উপলক্ষে জওহরলাল নেহরু স্টেডিয়ামে ব্রিকস এর সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে সাইকেল চালানোর গুরুত্ব তুলে ধরেন ড. মান্ডভিয়া। এদিকে রাজ্যের যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের উদ্যোগে উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গন থে,কে এদিন ফিট ইন্ডিয়া সানডেজ অন সাইকেল রেলী অনুষ্ঠিত হয়। রেলীর সূচনা করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

*********************

**Biplab Kumar Deb :**

আগরতলার রবীন্দ্রশতবার্ষিকী ভবনে বিজেপির নবনিযুক্ত সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিপ্লব কুমার দেবকে গতকাল সম্বর্ধনা জানিয়েছে প্রদেশ বিজেপি| অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রদেশ বিজেপি সভাপতি অভিষেক দেবরায় সহ মন্ত্রীসভার সদস্যরা।

এর আগে, আগরতলা এমবিবি বিমানবন্দরে বিপ্লব কুমার দেবকে স্বাগত জানান দলীয় কর্মকর্তারা|

এদিকে, বিজেপি দলের সাধারণ সম্পাদকের নতুন দায়িত্ব পাওয়ার পর গতকাল সন্ধ্যায় উদয়পুরের ঐতিহাসিক পর্যটন ক্ষেত্র মাতাবাড়ি ত্রিপুরাসুন্দরী মন্দিরে পুজো দিলেন সাংসদ তথা রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সঙ্গে ছিলেন তাঁর স্ত্রী।

*******************

**Drawing Compitition -BELONIA :**

দুর্গোৎসব উপলক্ষে গতকাল বিলোনিয়ার যোগমায়া কালিবাড়িতে অনুষ্ঠিত হয অংকন প্রতিযোগিতা। নার্সারি থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত চারটি বিভাগে ৪৯৭ জন এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে৷ একই সঙ্গে হেপাটাইটিস সচেতনতামূলক কুইজ প্রতিযোগিতায় ১৫ জনকে পুরস্কৃত করা হয়।

********************

**Women football :**

বৈকুণ্ঠ নাথ মেমোরিয়াল মহিলা ফুটবলে চ্যাম্পিয়ান হয়েছে জম্পুইজলা প্লে সেন্টার। গতকাল উমাকান্ত মিনি স্টেডিয়ামে সুপার লিগের শেষ ম্যাচে জম্পুইজলা প্লে সেন্টার দুই–এক গোলে ত্রিপুরা পুলিশ রিক্রিয়েশন ক্লাবকে পরাজিত করেছে।

**********************

**Weather :**

আজ আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে রাজ্যের সব কয়টি জেলায়। এছাড়া, উত্তর, ধলাই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলার কোথাও কোথাও ভারি থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

********************

*******************